দৈনিক বাংলা

তারিখ 28 MAY 1993
পৃষ্ঠা ১ কলাম ৮

৫১

# সিদ্ধেশ্বরী কলেজ ছাত্রদের অবস্থান ধর্মঘট

স্টাফ রিপোর্টার : কাওসার হত্যার প্রতিবাদে বৃহস্পতিবার সিদ্ধেশ্বরী ডিগ্রী কলেজের ছাত্ররা রমনা থানার সামনে অবস্থান ধর্মঘট পালন করে। অবস্থান ধর্মঘট শেষে, কলেজ ছাত্র সংসদের ভিপি কাজী কামাল হোসেনের সভাপতিত্বে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। প্রতিবাদ সভায় অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন ক্রীড়া সম্পাদক ফয়সাল, সহ–সাহিত্য সম্পাদক সেন্টু, জাসদ ছাত্রলীগ সভাপতি বিপুল।

(৫–এর পৃঃ দ্রঃ)

## সিদ্ধেশ্বরী কলেজ ছাত্রদের অবস্থান ধর্মঘট

(প্রথম পৃষ্ঠার পর)

সভায় বক্তারা অবিলম্বে কাওসার হত্যাকারীদের গ্রেফতারের দাবী জানান। পরে কলেজ ছাত্র সংসদের সহ–সভাপতি রমনা থানায় স্মারকলিপি পেশ করেন। নিহত কাওসারের আত্মার মাগফেরাত কামনা করে বাদ জোহর এক মিলাদ মাহফিলের আয়োজন করা হয়।

জাতীয়তাবাদী ছাত্রদল সিদ্ধেশ্বরী ডিগ্রী কলেজ শাখার যুগ্ম আহ্বায়ক খন্দকার গোলাম মোর্শেদ এক বিবৃতিতে কাওসার হত্যার নিরপেক্ষ তদন্ত ও সুষ্ঠু বিচার এবং দোষী ব্যক্তিদের অবিলম্বে গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের জন্য স্বরাষ্ট্রমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছেন।

বিবৃতিতে তিনি কাওসার হত্যা বিচারের দাবীতে হাবিবুল্লাহ বাহার কলেজ ও আবু জর গিফারী কলেজ ছাত্র সংসদ একাত্মতা ঘোষণা করায় তাদের মোবারকবাদ জানান। তিনি ঢাকা নগরীর অন্যান্য কলেজের ছাত্রদের প্রতিও এ ব্যাপারে একাত্মতা ঘোষণার আহ্বান জানান।